



## ৩৮ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন



হুমায়রা সিদ্দিকা হুমাশা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- বাংলা

বিষয় কোড- ০০১ ও ০০২

সময়- ৪ ঘণ্টা

[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ২০০

বিষয় কোড- ০০১

### ০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন:

৬×৫ = ৩০

- (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লিখুন।
- (খ) অর্থগতভাবে বাংলা শব্দ কত প্রকার ও কি কি? উদাহরণসহ লিখুন।
- (গ) নিচের বানানগুলো শুদ্ধ করে লিখুনঃ
- গিতাঞ্জলি, উপকারীতা, আঘার, দারিদ্রতা, শান্তনা।
- (ঘ) নিচের বাগধারাগুলোর অর্থসহ বাক্য লিখুন:
- অক্লা পাওয়া, তালপাতার সেপাই, চাঁদের হাট, তাসের ঘর, সান্ধী গোপাল।
- (ঙ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:
- (১) পূর্বদিকে সূর্য উদয় হয়।
- (২) আসছে আগামীকাল কলেজ বন্ধ হবে।
- (৩) রবীন্দ্রনাথ ঠাকুর ভয়ঙ্কর কবি ছিলেন।
- (৪) সকল ছাত্রগণই পাঠে অমনোযোগী।
- (৫) ইহার আবশ্যক নাই।

### ০২। ভাব-সম্প্রসারণ করুন:

২০

- (ক) শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির,  
লিখে রেখো, এক ফোটা দিলেম শিশির।

অথবা,

- (খ) উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে  
তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।

### ০৩। সারমর্ম লিখুন:

২০

- (ক) বহুদিন ধরে বহু ক্রোশ দূরে  
বহু ব্যয় করি বহুদেশ ঘুরে  
দেখিতে গিয়াছি পর্বতমালা,  
দেখিতে গিয়াছি সিন্ধু।  
দেখা হয় নাই চক্ষু মেলিয়া,  
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া  
একটি ধানের শিষের উপর  
একটি শিশির বিন্দু।

## অথবা,

খ) আজকের দুনিয়াটা আশ্চর্যজনক ভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাওয়ার নেশায় লক্ষ্যহীন। প্রচন্ড বেগে শুধু আত্মাবিকারের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে তবে 'মনুষ্যত্ব' কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই; এবার সিঁড়িটা না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশের সম্ভাবনা যে অনিবার্য, তাতে আর কোনো সন্দেহ থাকে না।

### ০৪। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন:

৩×১০ = ৩০

- (ক) বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাপদের ভাষাকে কেন 'সন্ধ্যা ভাষা' বলা হয়।
- (খ) বাংলা কাব্যের 'ভোরের পাখি' কাকে বলা হয়? এ কবির দুটি কাব্যগ্রন্থের নাম লিখুন।
- (গ) 'সনেট' কি? বাংলা সাহিত্যে সার্থক সনেট রচয়িতার পরিচয় সংক্ষেপে উল্লেখ করুন।
- (ঘ) চন্দ্রকুমার দে এবং দীনেশচন্দ্র সেনের নাম কেন লোকসাহিত্য প্রেমীর হৃদয়ে চিরদিন জেগে থাকবে?
- (ঙ) কাজী নজরুল ইসলামের তিনটি উপন্যাসের নাম লিখুন।
- (চ) কবি জসীম উদ্দীনের 'নকশী কাঁথার মাঠ' কাব্যগ্রন্থের বিষয়বস্তু সংক্ষেপে লিখুন।
- (ছ) কুবের, কপিলা, শশী, কুসুম চরিত্রসমূহ কোন উপন্যাসের অন্তর্গত? উপন্যাস দুটির রচয়িতা কে?
- (জ) বাংলা ভাষায় যাঁরা আধুনিক কবিতা সৃষ্টি করেছিলেন, তাদের মধ্যে পাঁচজন প্রধান। এই পাঁচজন কবির নাম লিখুন।
- (ঝ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসের উপজীব্য বিষয় সংক্ষেপে উল্লেখ করুন।
- (ঞ) কবি শামসুর রাহমানের চারটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করুন।

## বিষয় কোড- ০০২

### ১। বাংলায় অনুবাদ করুন:

১৫

Poet Kazi Nazrul Islam Called himself a 'rebel', and declared that he would not cease to fight till all oppressionals in the world had been put to an end. He made friends with terrorists, young men and women who believed in armed struggle. He sang opening songs at political gatherings, addressed large conferences and travelled the length and breadth of Bengal inspiring people wherever he went. He brought out a bi-weekly that breathed and preached violence. As a result the British Government put him behind the prison bars. We have more than one reason to be grateful to Kazi Nazrul Islam.

২। বিশ্ববিদ্যালয়ের একজন প্রবীণ শিক্ষক এবং অধ্যয়নরত একজন তরুণ শিক্ষার্থীর মধ্যে শিক্ষার অতীত ও বর্তমান অবস্থা সম্পর্কে একটি কাল্পনিক সংলাপ রচনা করুন।

১৫

৩। (ক) 'বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা' বিষয়ে জনমত সৃষ্টির লক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের নিমিত্তে একটি পত্র লিখুন।

## অথবা,

(খ) 'ফেস বুক' ব্যবহারের সুফল এবং কুফল জানিয়ে আপনার ছোট ভাইয়ের কাছে একটি পত্র লিখুন।

৪। 'অসমাপ্ত আত্মজীবনী' অথবা 'কারাগারের রোজনামা' গ্রন্থের গ্রন্থ-সমালোচনা লিখুন।

১৫

০৫। যে কোনো একটি বিষয়ে শব্দ লিখুন:

৪০

- (ক) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম;
- (খ) বাংলাদেশের পোশাক শিল্প;
- (গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
- (ঘ) রোহিঙ্গা সমস্যা ও সমাধান;
- (ঙ) স্বদেশ প্রেম।